

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
(সংস্থাপন শাখা)
www.gazipur.gov.bd

বিজ্ঞপ্তি নং-০৫.৪১.৩৩০০.০০৬.০৪.০০১.১৭-০১৯

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪২৪
২১ মার্চ ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০২/১১/২০১৭ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৭.১৭-২৩৩ নং ছাড়পত্রমোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের জন্য গাজীপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রবর্তিত নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল ও গ্রেড	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	২	৩	৪	৫
০১	কম্পিউটার অপারেটর	০১(এক)টি	১১,০০০-২৬,৫৯০/- (১৩ নং গ্রেড)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে। বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার। ০২(দুই) বছরের ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর হিসেবে কাজের অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য। খ) প্রার্থীকে অবশ্যই বুদ্ধিমত্তা পরীক্ষায় (Operator's aptitude test) উত্তীর্ণ হতে হবে।
০২	লাইব্রেরিয়ান	০১(এক)টি	১১,০০০-২৬,৫৯০/- (১৩ নং গ্রেড)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরি বিজ্ঞানে স্নাতক ডিগ্রি থাকতে হবে অথবা স্নাতক ডিগ্রিসহ লাইব্রেরি বিজ্ঞানে ডিপ্লোমা থাকতে হবে।
০৩	সাঁটলিপিকার-কাম- কম্পিউটার অপারেটর	০১(এক)টি	১১,০০০-২৬,৫৯০/- (১৩ নং গ্রেড)	ক) স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস। খ) বাংলা ও ইংরেজি সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৫০ ও ৮০ শব্দের গতিসম্পন্ন হতে হবে। গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতিসম্পন্ন হতে হবে।
০৪	সাঁটমুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর	০২(দুই)টি	১০,২০০-২৪,৬৮০/- (১৪ নং গ্রেড)	ক) স্বীকৃত কোন শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস। খ) বাংলা ও ইংরেজি সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দের গতিসম্পন্ন হতে হবে। গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতিসম্পন্ন হতে হবে।
০৫	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৬(ষোল)টি	৯,৩০০-২২,৪৯০/- (১৬ নং গ্রেড)	ক) স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস। খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ২০ ও ২০ শব্দের গতিসম্পন্ন হতে হবে।
০৬	একাউন্টেন্ট ক্লার্ক	০৪(চার)টি	৯,৩০০-২২,৪৯০/- (১৬ নং গ্রেড)	স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস। কম্পিউটারে (1) Operating System (2) Microsoft word (3) Microsoft word XL (4) Microsoft power point & Microsoft Access বিষয়গুলোর উপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০৭	সার্টিফিকেট সহকারী	০১(এক)টি	৯,৩০০-২২,৪৯০/- (১৬ নং গ্রেড)	স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস।

শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও গাজীপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তি এবং চাকরির নির্ধারিত আবেদন ফরম জেলা প্রশাসক, গাজীপুর এর ওয়েব সাইট www.gazipur.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। এছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এর সংস্থাপন শাখা হতে সংগ্রহ করা যাবে।
- নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ১৯/০৪/২০১৮খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত) সরাসরি সংরক্ষিত বাস্তব অথবা রেজিস্টার ডাকযোগে জেলা প্রশাসক, গাজীপুর এর কার্যালয়ে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত, অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং স্বাক্ষরবিহীন আবেদন বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীর বয়স ১৯/০৪/২০১৮খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধিমোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- বিভাগীয় (চাকরির) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- মূল আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ৫×৫ সে.মি. সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি (গেজেটেড কর্মকর্তার নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ট্রেজারী চালানোর মাধ্যমে হিসাব কোড নং ৪ ১-০৭৪২-০০০০-২০৩১ খাতে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানোর মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/মহিলা/আনসার-ভিডিপি/এতিম/প্রতিবন্ধী/উপজাতী কোটাসহ সরকার নির্ধারিত সকল কোটা সংরক্ষণ করা হবে।
- মৌখিকপরীক্ষার সময় তথ্য যাচাইয়ের জন্য প্রার্থীকে অবশ্যই নিম্নোক্ত প্রশ্নপত্রসহ সকল সনদপত্রের মূলকপি এবং ০১(এক) সেট সত্যায়িত কপি সাথে আনতে হবে। প্রয়োজনীয় কাগজপত্র সাথে না থাকলে মৌখিকপরীক্ষা গ্রহণ করা হবে না। উল্লেখ্য, মূল আবেদনপত্রের সাথে ছবি ও চালানোর কপি ব্যতীত অন্যান্য কাগজপত্র সংযুক্তির প্রয়োজন নেই।
- (ক) সকল শিক্ষাগতযোগ্যতা ও অন্যান্য সনদের ফটোকপি (গেজেটেড কর্মকর্তার নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত) ব্যতীত কোন নম্বরপত্র বা প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়।
- (খ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিকসনদ এর মূল কপি।
- (গ) প্রার্থীর নিজ এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা কর্তৃক প্রদত্ত

(ঘ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের প্রত্যেকটির ১(এক) কপি (তবে যাদের জাতীয় পরিচয়পত্র হয়নি তাদের ক্ষেত্রে নির্বাচন কমিশন কর্তৃক দেয়া নিবন্ধন স্মারকের সত্যায়িত কপি দিতে হবে)। উল্লেখ্য, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের উভয়টির মধ্যে নাম ঠিকানা একই থাকতে হবে।

(ঙ) সরকার নির্ধারিত কোটায় আবেদনকারীর স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত/জারীকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী/নানা/নানী মুক্তিযোদ্ধা হিসেবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীক্ষিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি। মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের প্রত্যয়নপত্র যা ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত হতে হবে।

(ছ) শারীরিক প্রতিবন্ধীদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি।

(জ) ক্ষুদ্র-নু গোল্ডি ও আনসার-ভিডিপি কোটায় উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি।

(ঝ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা (প্রযোজ্য ক্ষেত্রে পুত্র-কন্যার পুত্র-কন্যা)/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/উপজাতি প্রার্থীর জন্য কোটাসংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র গেজেটেড কর্মকর্তাকর্তৃক সত্যায়িত কপি। অন্যথায় আবেদন বাতিল হিসেবে বিবেচনা করা হবে।

- ১০। প্রবেশপত্র প্রেরণের লক্ষ্যে প্রার্থীর নাম ও ঠিকানা সম্বলিত ১০" x ৪" সাইজের ১০ (দশ) টাকার ডাকটিকেট লাগানো একটি আলাদা ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১১। প্রার্থীকে খামের উপরে মোটা অক্ষরে পদের নাম এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। ভুল কোটা উল্লেখ করা হলে আবেদন বাতিল হবে।
- ১২। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবে না।
- ১৩। কর্তৃপক্ষ সরকারি বিধিবিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন।
- ১৪। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- ১৫। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান/ভুল সনদ দাখিল করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলেও পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৬। মৌখিকপরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণদেরকে স্বাস্থ্যপরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং স্বাস্থ্যপরীক্ষাকালে প্রার্থী মাদকাসক্ত কিনা তা যাচাই করা হবে। স্বাস্থ্যপরীক্ষায় অনুত্তীর্ণ এবং মাদকাসক্তদেরকে চূড়ান্তভাবে নিয়োগের জন্য অযোগ্য বলে বিবেচনা করা হবে।
- ১৭। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- ১৮। অনিবার্য কারণে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর

জেলা প্রশাসক

গাজীপুর।

ফোন : ০২-৪৯২৭৩০৭০ (অফিস)

ফ্যাক্স : ০২-৪৯২৭৩০২২

E-mail: dggazipur@mopa.gov.bd

বিজ্ঞপ্তি নং-০৫.৪১.৩৩০০.০০৬.০৪.০০১.১৭-৯২(৩০০)

তারিখ : ২৫ ফাল্গুন ১৪২৪
২৯ মার্চ ২০১৮

বিতরণ : সদয় জ্ঞাতার্থে-

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
- ৫। জেলা প্রশাসক, (সকল)।
- ৬। পুলিশ সুপার, গাজীপুর।
- ৭। সিভিল সার্জন, গাজীপুর।
- ৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর।
- ৯। উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর।
- ১০। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত ম্যাজিস্ট্রেট, গাজীপুর।
- ১১। জেলা অফিসার, গাজীপুর।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), গাজীপুর।
- ১৩। সহকারী কমিশনার (ভূমি), (সকল), গাজীপুর।
- ১৪। সহকারী কমিশনার, শাখা, গাজীপুর।
- ১৫। জেলা তথ্য অফিসার, গাজীপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১৬। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর। তাঁকে বিজ্ঞপ্তি ও আবেদনপত্রের ছকটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য বলা হলো।
- ১৭। সম্পাদক, উপরোক্ত বিজ্ঞপ্তিটি আগামী তারিখের মধ্যে ০১(এক) দিনের জন্য তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ৫" x ১০" কলামে (স্থল পরিসরে) প্রকাশ করে পত্রিকার ০৫(পাঁচ) কপি এবং পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিল জেলা প্রশাসক, গাজীপুর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৮। জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এর সকল নোটিশ বোর্ড।
- ১৯। অফিস নথি।